দৈনিক বাংলা

তারিখ ... 17 FEB 1990 ...
পৃষ্ঠা ... 9 ... কলাম ... ৩ ...

9

12

## দাবী আদায়ে অধ্যক্ষ আটক

# কুষ্টিয়া কলেজে ৩৮ জন শিক্ষকের পদ শূন্য

(নিজস্ব সংবাদদাতা)

কুষ্টিয়া,১৬ই ফেব্রুয়ারী।– একদল ছাত্রনেতা দাবী আদায়ের জন্য গত ৩রা ফেব্রুয়ারী কয়েকজন শিক্ষকসহ কুষ্টিয়া কলেজের অধ্যক্ষকে তার অফিসে আটকে রাখে।

এছাড়া কলেজটিতে ১শ' ৮টি শিক্ষকের পদ সৃষ্টি করা সত্ত্বেও মাত্র ৭০ জন শিক্ষক কর্মরত আছেন। ৫টি বিষয়ে অনার্স কোর্স খোলা হয়েছে। কিন্তু বাংলা ছাড়া অপর ৪টি বিষয়ে বিভাগীয় প্রধানের পদ প্রায় ২২ বছর থেকে খালি রয়েছে।

কুষ্টিয়া কলেজটি ১৯৬৮ সালে সরকারীকরণ করা হয়। কিন্তু এই ঘোষণা ছাড়া বাস্তবে কোন উন্নতি হয়নি। ৮শ' ছাত্রীর জন্য কোন ছাত্রীবাস নেই। ছাত্রদের জন্য রয়েছে মাত্র ১শ' সিটের একটি হোস্টেল। এই কলেজে কোন মিলনায়তন নেই। বিজ্ঞান বিভাগের ৪টি বিষয়ে দীর্ঘ দিন থেকে কোন পরিদর্শক নেই। ফলে, বিজ্ঞানের ছাত্র–ছাত্রীদের গবেষণাগারে জ্ঞানলাভের সুযোগ নেই।

কলেজটিতে দীর্ঘ দিন থেকে কোন লাইব্রেরীয়ান নেই। কোন ক্যান্টিন ও নেই।

১৯৮৭ সালের পর ছাত্রসংসদ না থাকার জন্য বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা সম্ভব হচ্ছেনা।

১৯৮৫ সালে মহামান্য রাষ্ট্রপতি কুষ্টিয়া সফরে এসে কলেজ ছাত্রাবাসের জন ২ লাখ টাকা অনুদান দিয়েছিলেন। ছাত্রাবাসটি সম্প্রসারণ না করে ঐ অর্থ এখনো জমা করে রাখা হয়েছে।

কুষ্টিয়া কলেজের কোন ছাত্র পদার্থ রসায়ন জীববিজ্ঞান ব্যবস্থাপনা ও ইংরেজীতে অনার্স পড়তে পারে না।

কলেজটিতে ৮শ' ছাত্রছাত্রীর জন্য মহিলা কমনরুমে কোন আয়া নেই। কোন অফিসার বা কর্মচারী অবসর গ্রহণ করলে তাঁর স্থলে কেউ আসেন না।

ফেসিলিটি বিভাগ দীর্ঘদিন ধরে কলেজটিকে আজো প্রাচীর দিয়ে ঘিরতে পারেনি। এভাবে হাজারো সমস্যার আবর্তে ঘুরপাক খাচ্ছে কুষ্টিয়া সরকারী কলেজ।